

২০২২

বাংলা

(অনাস)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠ্রূম)

চতুর্থ সেমেষ্টার

কোর্স কোড : BNG-H-CC-T-8

(বাংলা সমালোচনা সংকলন ও প্রবন্ধ সংকলন)

পূর্ণমান : ৬০

সময় : ২½ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

[A4 কাগজের ১০-১২ পাতার মধ্যে উত্তরপত্র সম্পূর্ণ করা বাঞ্ছনীয়।]

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 10 = 20$

ক) “কবি সেই অনাথা রাজকন্যাকে চিরদিনই এই অপ্রশস্ত
আশ্রয়ের মধ্যে বসাইয়া রাখিয়াছেন” — অনাথা
রাজকন্যা বলতে কাকে বোঝানো হয়েছে? তিনি কার
লেখা কোন্ আধ্যায়িকার চরিত্র?

খ) “আর একটি জ্ঞানমুখী ঐহিকের সর্বসুখবঞ্চিতা”
— এখানে যাকে ‘সর্বসুখবঞ্চিতা’ বলা হয়েছে তার
পরিচয় দাও।

গ) সতীনাথ ভাদুড়ীর ‘পড়ুয়ার নোট থেকে’ প্রবন্ধটি কবে
কোথায় প্রথম প্রকাশিত হয়?

- ঘ) “পৃথিবীর সাহিত্যে একটি নতুন স্বাদের আমদানি করে
দিয়েছেন ফরাসি লেখক” — কোন্ ফরাসি লেখকের
কথা বলা হয়েছে?
- ঙ) বৃত্তির টাকা দিয়ে প্রাবন্ধিক অসিতকুমার বন্দ্যোপাধ্যায়
কী কী বই কিনেছিলেন?
- চ) “গত ২৫ বছরের মধ্যে একবারও কলিকাতায় যাই নাই”।
— কে কেন কলকাতা যাননি?
- ছ) কোন্ ব্যক্তি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সিনেট ও
সিডিকেটে উকিল ব্যারিস্টারদের প্রাধান্য ও শিক্ষকদের
অভাব দেখে বিশ্বিত হয়েছিলেন? প্রসঙ্গটি তোমাদের
কোন্ পাঠ্য প্রবন্ধে আছে?
- জ) “বাংলা ভাষার জন্য প্রাণদানের কারণে দিনটি এখন
পর্যন্ত বাঙালির আত্মপরিচয়ের প্রতীক হয়ে রয়েছে।”
— এখানে কোন্ দিনটির কথা বলা হয়েছে? সেই
দিনটিকে বিশ্বের মানুষ কী হিসাবে পালন করে?
- ঝ) “ভাষা নিয়ে জাতি, জাতি নিয়ে দেশ। বাংলা ভাষার
উৎপত্তির সঙ্গে সঙ্গে বাঙালি জাতির ইতিহাস শুরু।”
— কার লেখা কোন্ গ্রন্থে এ মন্তব্য করা হয়েছে?
- ঝঃ) “বাংলা সাহিত্যে মুসলমান সমাজ ও চরিত্রের পরিচয়
নেই।” — একথা রবীন্দ্রনাথ কাকে কীভাবে
জানিয়েছিলেন?
- ঠ) রবীন্দ্রনাথের ‘সাহিত্যের পথে’ প্রবন্ধ গ্রন্থের ‘তথ্য ও
সত্য’ প্রবন্ধটি কবে কোথায় পঢ়িত হয়? পরে কোন্
পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?

- ঠ) ‘তথ্য ও সত্য’ প্রবন্ধে গ্রিক পূজাপাত্রকে অবলম্বন করে একটি কবিতার কথা উল্লেখ করা হয়েছে। সেখানে কোন্ কবির কোন্ কবিতার কথা বলা হয়েছে লেখো।
- ড) “তাঁর রেখে যাওয়া বাণী আমাদের ডাক দিল প্রথমে সত্যিকার বাঙালি হবার.....”— কার সম্পর্কে কে এই মন্তব্য করেছেন?
- ঢ) “..... আনন্দ দেওয়া ছাড়া সাহিত্যের অন্য কোনো উদ্দেশ্য আছে বলে জানি নে।”— বাক্যাংশটি কার লেখা কোন্ প্রবন্ধের অন্তর্গত? প্রবন্ধটি কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?
- ণ) “ভাষার ক্ষেত্রে সাহিত্য শব্দের তাৎপর্য কী।” —রবীন্দ্রনাথ তাঁর ‘সাহিত্যের তাৎপর্য’ প্রবন্ধে এই প্রশ্নটি করেছেন এবং পরের বাক্যেই তাঁর উত্তর দিয়েছেন। — উত্তরটি লেখো।
- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 4 = 20$
- ক) “একা শকুন্তলা শকুন্তলার এক তৃতীয়াংশ” —প্রাবন্ধিকের মন্তব্য অনুযায়ী বক্তব্যটি ব্যাখ্যা করো।
- খ) আরবি ফারসি শব্দের ব্যবহার প্রসঙ্গে রবীন্দ্রনাথের বক্তব্য ‘রবীন্দ্রনাথ ও বাংলাদেশ’ প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।
- গ) “সাহিত্যের সহজ অর্থ যা বুবি সে হচ্ছে নৈকট্য, অর্থাৎ সন্ধিলন।”—‘সাহিত্যের তাৎপর্য’ প্রবন্ধ অবলম্বনে উক্তিটির তাৎপর্য লেখো।
- ঘ) সতীনাথ ভাদুড়ীর ‘পড়ুয়ার নেট থেকে’ প্রবন্ধ অবলম্বনে ফরাসি সাহিত্যিকদের বাংলা সাহিত্যের প্রতি আকর্ষণ সম্বন্ধে সংক্ষিপ্ত আলোচনা করো।
- ঙ) “যে জাতির জীবনীশক্তি আছে তাহার ভাবপ্রত্যয় শক্ত বুনিয়াদের উপর প্রতিষ্ঠিত হয়।”— ‘বর্তমান সমাজ ও সংস্কৃতি’ প্রবন্ধ অবলম্বনে লেখকের বক্তব্য স্পষ্ট করো।
- চ) “একলব্যের মতোই ড. সেনের কল্পিত মৃত্যি খাড়া করিয়া বাংলা সাহিত্যের ইতিবৃত্তের জটিল গ্রন্থিমোচনে প্রবৃত্ত হইলাম।”— পাঠ্য প্রবন্ধ অবলম্বনে বাংলা সাহিত্যের ইতিহাস রচনা সম্বন্ধে লেখকের ভাবনার পরিচয় দাও।
- ৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $10 \times 2 = 20$
- ক) কাব্যে উপেক্ষিতা নারীদের মধ্যে রবীন্দ্রনাথ সর্বাগ্রে উর্মিলাকে স্থান দিয়েছেন কেন পাঠ্য প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।
- খ) বাংলাদেশী মানুষের জীবনে রবীন্দ্রসংগীত কতখানি সংযুক্ত ছিল তা সানজিদা খাতুনের পাঠ্য প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।
- গ) সতীনাথ ভাদুড়ীর ‘পড়ুয়ার নেট থেকে’ প্রবন্ধে বাংলা সাহিত্যের অনুবাদ প্রসঙ্গে এবং সাহিত্যের টেকনিক সম্বন্ধে যে আলোচনা আছে, তা নিজের ভাষায় ব্যক্ত করো।
- ঘ) “নিখিলকে ছিন করে হয় লাভ, নিখিলকে এক করে হয় রস।”— রবীন্দ্রনাথের ‘তথ্য ও সত্য’ প্রবন্ধে উল্লিখিত মন্তব্যটির যথার্থ্য বিচার করো।

অর্থবা

“রসের অনুভূতি প্রবল হলে সে ছাপিয়ে যায় আমাদের
মনকে। তখন তাকে প্রকাশ করতে চাই নিত্যকালের
ভাষায়; কবি সেই ভাষাকে মানুষের অনুভূতির ভাষা
করে তোলে; অর্থাৎ জ্ঞানের ভাষা নয়—হাদয়ের ভাষা,
কল্পনার ভাষা।” — ‘সাহিত্যের তাৎপর্য’ প্রবন্ধ
অবলম্বনে ব্যাখ্যা করো।
